

বহে রক্ত-ধারা বুঁদেলা শরীরে  
 হয় স্বাত সেনা ঘন স্বেদ নৌরে ;  
 গুড়ুম গুম্ গুড়ুম গুম্ মহাশুক তোপে  
 পড়ে সৈন্য ঠাট তরবার কোপে—

This may be a good imitation of ‘ভূজঙ্গপ্রয়াত’ কিন্তু যুদ্ধের বর্ণনা হিসাবে he ought to have been loftier in imagination. তিলোত্তমার প্রথম দিকে আমি দৈত্যদের নিকট পরাজিত দেবতাদের বর্ণনায় খানিকটা যুদ্ধের আভাস দিয়েছি—here you are.

তিলোত্তমাসন্তব্ধ হইতে পড়িতে লাগিলেন

যথা প্রলয়ের কালে, কুন্দের নিশাস  
 বাতময়, উথ লিলে জল-সমাকুল  
 প্রবল তরঙ্গ-দল তীর অতিক্রমি’  
 বস্ত্রধার কুন্তল হইতে লয় কাড়ি  
 স্বৰ্বর্ণ-কুসুম-লতা-মণ্ডিত মুকুট ;—  
 যে সুচারু শ্রাম-অঙ্গ ঝতু-কুল-পতি  
 গাঁথি নানা ফুলমালা সাজান আপনি  
 আদরে, হরে প্রাবন—তার আভরণ !

And here again—

ভঙ্গ দিয়া বিমুখ হইল সবে রণে—  
 আকুল ! পাবক যথা, বায়ু ধার সথা  
 সর্বভুক প্রবেশিলে নিবিড় কাননে  
 মহাত্রাসে উর্দ্ধশ্বাসে পলায় কেশরী,  
 মদকল, নাগদল চঞ্চল সভয়ে  
 করভ করিণী ছাড়ি পলায় অমনি  
 আশুগতি ; মৃগাদন, শার্দুল বরাহ

মহিষ, ভৌষণ-খঙ্গী—অক্ষয় শরীরী  
 ভল্লুক বিকটাকার, দুরস্ত হিংসক  
 পালায় ভৈরবরবে ত্যজি বনরাজি,  
 পলায় কুরঙ্গ রঙ্গরসে ভঙ্গ দিয়া  
 ভুজঙ্গ, বিহঙ্গ বেগে ধায় চারিদিকে  
 মহাকোলাহলে চলে জীবন-তরঙ্গ  
 জীবন-তরঙ্গ যথা পবন-তাড়নে ।

গৌর । তোমার লেখা ত অন্ত জাতেরই ! It has Homeric outlook and Miltonic grandeur !

মধু । মিল্টন আমার দেবতা । রঞ্জলালের আদর্শ কারা জান ? Byron, Moore and Scott. I wish he would travel farther. He would then find what hills peep over hills—what Alps on Alps arise ! বাল্মীকি, ব্যাস, হোমার, ভাজিল, কালিদাস, দান্তে, টাসো, মিল্টন—এঁরাই হচ্ছেন কবিকুলগুর ! আদর্শ করতে হ'লে এঁদেরই আদর্শ করব । Byron, Moore, Scott, Pope are at a much lower level.

গৌর । হিন্দু কলেজে কিন্তু তোমাকে আমরা Pope বলতাম !

মধু । (হাসিয়া) And I became vain like a cock at this. I was a fool then.

গৌর । রঞ্জলালের কবিতার মাঝে মাঝে কিন্তু বেশ লাগে—  
 মধু । Oh, yes.—পদ্মিনীর এই লাইনগুলো খুব ভাল লাগে  
 আমার !

স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে  
 কে বাঁচিতে চায় ?  
 দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায় হে  
 কে পরিবে পায় !  
 কোটি কল্প দাস থাকা নরকের প্রায় হে  
 নরকের প্রায়  
 দিনেকের স্বাধীনতা স্বর্গস্থ তায় হে  
 স্বর্গস্থ তায় !

This is superb. I have also started rhyming in  
 ব্রজাঙ্গনা !

( নেপথ্য ) আসতে পারি আমারা ?

মধু ! আসুন ! পণ্ডিতরা এসেছে—Gour, now I must bid  
 you good-night.

গৌর ! এখন পড়াশোনা হবে বুঝি—

মধু ! হ্যা—I shall dictate now.

গৌর ! উঠি তবে। তোমার নতুন লেখাগুলো দেখাই হ'ল না  
 —বাজে কথায় সময় কেটে গেল।

মধু ! সে আর একদিন হবে।

তিনজন পণ্ডিত আসিয়া প্রবেশ করিলেন

আসুন, আপনারা বসুন। গৌর, তোমার কাছে আইনের বইও দু-  
 একখানা নেব। আইনও পড়ছি জান ত ? ( হাসিয়া ) Carrying  
 on everything.

গৌর ! আচ্ছা, কাল আসব ! Good Night. ( প্রস্থান )

মধু । Good Night. ( পঙ্গিতদের প্রতি ) বস্তুন আপনারা—

পঙ্গিতগণ তিন কোণে টেবিলে গিয়া

বসিয়াছিলেন । মধুসূদন একটি সিগারেট  
ধরাইয়া প্রথম পঙ্গিতের নিকটে গেলেন ।

আপনি কৃষ্ণকুমারী লিখছেন, না ? কতদূর হয়েছে দেখি ! ( দেখিলেন )

তৃতীয় গর্তাক শেষ হয়েছে—না ? That's all right !

তৃতীয় পঙ্গিতের নিকটে গেলেন ।

ব্রজাঙ্গনার ‘ময়ুরী’ কবিতাটা কাল শেষ হয় নি ! মাত্র গোড়াটা স্ফুর  
করেছিলাম । পড়ুন ত—

২য় পঙ্গিত । ( পড়িতে লাগিলেন )

তরুশাখা উপরে শিথিনি

কেন লো বসিয়া তুই বিরস বদনে ?

না হেরিয়া শ্বামঠাদে তোরণ কি পরাণ কাদে

তুইও কি দুঃখিনী !

আহা, কে না ভালবাসে রাধিকা-রনগে ?

কার না জুড়ায় অঁখি শশী বিহঙ্গিনি !

মধুসূদন সিগারেটটাতে দু-একটা টান

দিলেন । তাহার পর তৃতীয় পঙ্গিতের

নিকট গেলেন ।

মধু । মেঘনাদ কতটা হয়েছে ?

তৃতীয় পঙ্গিত । ভগ্নদৃত এসে রাবণকে বৌরবাহুর মৃত্যুসংবাদ দিচ্ছে ।

মধু । শেষের কয়েক লাইন পড়ুন ত !

তৃতীয় পঙ্গিত । ( পড়িলেন )

এতেক কহিয়া রাজা দৃত পানে চাহি

আদেশিলা—কহ দৃত, কেমনে পড়িল

সমরে অমর-আস বৌরবাহু বলী ?

মধু । দেখি—

দেখিলেন ও থাতা ফিরাইয়া দিলেন ।

তাহার পর মিগারেটে কয়েকটা টান

দিয়া ফেলিয়া দিলেন এবং পশ্চাতে হস্ত

নিবন্ধ করিয়া পদচারণা করিতে লাগিলেন ।

তাহার পর সহসা প্রথম পঙ্গিতের কাছে

গেলেন ।

লিখুন !

### তৃতীয় গর্ভাঙ্ক

উদয়পুর—নগরপ্রান্তে রাজপথ

সম্মুখে দেবালয়

দেবালয়ের গবাক্ষস্থারে বিলাসবতী ও

মদনিকা

হয়েছে লেখা ?

১ম পঙ্গিত । দাঢ়ান—হয়েছে—মদনিকা

মধু । লিখুন তাহলে এবার—মদনিকা বলছে—আর কেন স্থি !  
চল এখন বাড়ী গিয়ে স্নানাদি করা যাক গে । বেলা প্রায় দুই শ্রেণি  
হলো । বিশেষ দেব-দর্শনের ছলে এখানে এসেছি—আর এখানে  
থাকলে লোকে বলবে কি ! নেপথ্যে—রণবান্ত ! লিখেছেন ?

১ম পঙ্গিত । ঈঝা—নেপথ্যে রণবান্ত ।

মধু । লিখুন—বিলাসবতী এবার বলছেন—ঐ শোন লো শোন ।  
মহারাজ বুঝি ফিরে আসছেন । মদনিকা উভয়ে বলছেন—

পঙ্গিত মাথা নাড়িয়া থামিতে বলিলেন

Oh, you are slow, pundit ! হয়েছে ? লিখুন—মদনিকা বলছেন